
# জুলাই গণঅভ্যুত্থান দিবসে ফ্রি ইন্টারনেট দেবে সরকার




সংগৃহীত ছবি

জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানের এক বছর পূর্তি উপলক্ষে দেশের জনগণকে ফ্রি ইন্টারনেট দেয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। আগামী শুক্রবার, ১৮ জুলাই, দেশের সব মোবাইল অপারেটরকে ১ জিবি করে ফ্রি ডাটা দেয়ার নির্দেশনা দিয়েছে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)।

বুধবার (৯ জুলাই) বিটিআরসির এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, ১৮ জুলাই তারিখে চালু হওয়া এই ডাটা প্যাকের মেয়াদ থাকবে ৫ দিন। প্রত্যেক গ্রাহককে এসএমএসের মাধ্যমে ফ্রি ডাটা প্রদান সম্পর্কে আগাম জানিয়ে দেবে সংশ্লিষ্ট মোবাইল অপারেটররা।

বিটিআরসি জানিয়েছে, এই উদ্যোগের মাধ্যমে সাধারণ জনগণের তথ্যপ্রযুক্তি ব্যবহারের অধিকারকে সম্মান জানানো হচ্ছে।

প্রসঙ্গত, গত বছর কোটা সংস্কার আন্দোলনের সময় তৎকালীন ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকার সারাদেশে ইন্টারনেট সেবা বন্ধ করে দিয়েছিল। আন্দোলন দমনে এমন পদক্ষেপের তীব্র সমালোচনা হয় দেশে-বিদেশে। সেই ঘটনার বর্ষপূর্তি উপলক্ষে জনগণের ডিজিটাল অধিকারকে সম্মান জানাতেই অন্তর্বর্তী সরকার এই সিদ্ধান্ত নিয়েছে বলে ধারণা করা হচ্ছে।

LENS ASIA